

নালিতাবাড়ীতে ধান উৎপাদন ও প্রযুক্তি বিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

banglarkagoj.net/

October 16, 2023



নালিতাবাড়ী (শেরপুর) : আধুনিক ধান উৎপাদন ও প্রযুক্তি বিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে শেরপুরের নালিতাবাড়ীতে।

সোমবার (১৬ অক্টোবর) দুপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) গাজীপুরের ফলিত গবেষণা বিভাগের উদ্যোগে ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় কৃষি অফিসের প্রশিক্ষণ হলরুমে এ প্রশিক্ষণ সম্পন্ন হয়।

এতে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট গাজীপুরের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. হুমায়ুন কবীর, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এটিএম সাখওয়াত হোসেন, ড. শামীমা আক্তার, বৈজ্ঞানিক কর্মকর্তা খন্দকার খালিদ আহমেদ, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মওদুদ আহমেদ প্রমুখ। প্রশিক্ষণে উপজেলার বিভিন্ন এলাকার ৫৪ জন কৃষক অংশগ্রহণ করেন।